

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা

www.dscc.gov.bd

“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নম্বর: ৪৬.২০৭.০০০.০৩.০১.৭৩৮.২০২২-৩২৫

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ


মৌখিক পরীক্ষার বিজ্ঞপ্তি

দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশিত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ০৫.১২.২০২২ খ্রি. তারিখের ৪৬.২০৭.০০০.০৩.০১.৭৩৮.২০২২-৯৬৫ নম্বর নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে অনলাইনে প্রাপ্ত আবেদনকারীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্য হতে নিম্নোক্ত রোল নম্বরধারী প্রার্থীগণ উত্তীর্ণ হয়ে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত হয়েছেন। নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

| ক্র. নং | পদের নাম | মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর | মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও বার | স্থান |
|---------|-----------------------|----------------------------------------------------------------|--------------------------------------------|-------------------------------------------------------------------|
| ১. | আরবরিকালচার কর্মকর্তা | ১১০০০০১, ১১০০০০২, ১১০০০০৭, ১১০০০১৩ ১১০০০১৫ = ৫ জন। | ০৮.০৫.২০২৩ সোমবার, বেলা ২.০০ ঘটিকা | মেয়র সভাকক্ষ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নগর ভবন, ঢাকা-১০০০ |
| ২. | বাগান উদ্ভাবনায়ক | ১২০০০০৩, ১২০০০০৪, ১২০০০০৮, ১২০০০১০ ১২০০০১১, ১২০০০১৩ = ৬ জন। | ০৮.০৫.২০২৩ সোমবার, বেলা ৩.০০ ঘটিকা | তুরাগ হল ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন নগর ভবন, ঢাকা-১০০০ |
| ৩. | ভিডিও ক্যামেরাম্যান | ১৩০০০০২, ১৩০০০০৩, ১৩০০০০৮ = ৩ জন। | ০৯.০৫.২০২৩ মঙ্গলবার, বেলা ২.০০ টা ঘটিকা | |
| ৪. | ফটোগ্রাফার | ১৪০০০০৩, ১৪০০০০৪, ১৪০০০১১, ১৪০০০১৪ ১৪০০০১৫, ১৪০০০১৭ = ৬ জন। | ০৯.০৫.২০২৩ মঙ্গলবার, বেলা ৩.০০ ঘটিকা | |

২। নিম্নবর্ণিত শর্তাবলী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে:

- (১) মৌখিক পরীক্ষার জন্য নতুন করে প্রবেশপত্র ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার জন্য অনলাইনে ইস্যুকৃত প্রবেশপত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় সাথে আনতে হবে;
- (২) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রশিক্ষণ ও অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্র/জন্মানিবন্ধন সনদ ও নাগরিকত্ব সনদ এর মূলকপি প্রদর্শন করতে হবে। প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের এক সেট ফটোকপি এবং Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি দাখিল করতে হবে;
- (৩) সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে;
- (৪) পরীক্ষার জন্য নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বে উপস্থিত থাকতে হবে;
- (৫) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।


(আকরামুজ্জামান)

সচিব


ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

স্মারক নম্বর: ৪৬.২০৭.০০০.০৩.০১.৭৩৮.২০২২-৩২৫ (১০)

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। প্রধান প্রকৌশলী, ঢাদসিক।
- ২। মেয়রের একান্ত সচিব, ঢাদসিক (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, ঢাদসিক [এ বিজ্ঞপ্তি সংস্থার ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ (বিষয়টি জরুরী)]।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, ঢাদসিক [এ বিজ্ঞপ্তি (১) দৈনিক সমকাল; ও (২) 'The Daily Star' পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ (বিষয়টি জরুরী)]।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাদসিক (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)।
- ৬। জনাব মো. আল-রাজ্জাকুজ্জামান, ম্যানেজার (VAS), ডিপার্টমেন্ট: মার্কেটিং এন্ড VAS, টেলিটক বাংলাদেশ লিমিটেড [এ বিজ্ঞপ্তি ওয়েবসাইটে (<http://dscc.teletalk.com.bd>) প্রকাশের ব্যবস্থা গ্রহণ এবং মৌখিক পরীক্ষার সময়সূচি পরীক্ষার্থীদের স্ব-স্ব মোবাইল ফোনে এসএমএস মাধ্যমে জানানোর অনুরোধসহ (বিষয়টি জরুরী)]।
- ৭। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাদসিক (তিনি এ বিজ্ঞপ্তি নগর ভবন নোটিশ বোর্ডে সাটানোর ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ৮। সচিবের ব্যক্তিগত সহকারী, ঢাদসিক।
- ৯। অফিস কপি (নথি নম্বর: ৪৬.২০৭.০০০.০৩.০১.৭৩৮.২০২২, তারিখ: ২৭.০৬.২০২২)।


(কামাল হোসেন)
সহকারী সচিব
সংস্থাপন শাখা-১
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন